আকাশে উত্তেজনা, মার্কিন বোমারু বিমানকে ধাওয়া রুশ যুদ্ধবিমানের!

কৃষ্ণসাগরের উপর মাঝ আকাশে দুটি মার্কিন গোয়েন্দা বিমানকে ধাওয়া করেছে রাশিয়ান এয়ারফোর্স। ৯ আগস্ট মস্কোর আকাশসীমার দিকে ধেয়ে আসছিল দুটি মার্কিন গোয়েন্দা বিমান। আর সেটা রাডারে ধরা পড়তেই ধেয়ে যায় রাশিয়ান যুদ্ধবিমান। মার্কিন দুই বিমানের পথ কার্যত রুখে দেয় দুই রাশিয়ান ফাইটার জেট।

তবে এই ঘটনায় ব্যাপক উত্তেজনা তৈরি হয়েছে। এই ঘটনার জন্য মার্কিন এয়ারফোর্সের পক্ষ থেকে তীব্র প্রতিবাদ জানানো হয়েছে। যদিও রাশিয়ান এয়ারফোর্সের দাবি, মার্কিন গোয়েন্দা বিমানগুলোকে না আটকানো হলে রাশিয়ার আকাশসীমায় ঢুকে পড়ার সম্ভাবনা ছিল।

এই ঘটনার পর রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয় বলেছে, রাশিয়ার সামরিক বাহিনীর রাডারে আমেরিকার গোয়েন্দা বিমান দুটি ধরা পড়ার পর একটি এসইউ-২৭ যুদ্ধ বিমান মার্কিন বিমান দুটিকে তাড়া করে। রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, রাশিয়ার সীমান্ত লঙ্ঘনের কোনও ঘটনা মস্কো মেনে নেবে না কখনই।

গত কয়েক সপ্তাহ ধরে রাশিয়ার এয়ার স্পেস কন্ট্রোল সিস্টেম কৃষ্ণ সাগরের আকাশে বহু সংখ্যক মার্কিন ও ন্যাটো বাহিনীর বিমানকে শনাক্ত করেছে। যারা রাশিয়ার সীমান্ত লঙ্ঘনের চেষ্টা করেছে বলে দাবি করেছে মস্কো। সর্বশেষ এমন ঘটনা ঘটেছিল ৩০ জুলাই। ওইদিন আমেরিকার একটি বিমান রাশিয়ার আকাশের দিকে যাওয়ার চেষ্টা করলে একটি রাশিয়ান এসইউ-২৭ যুদ্ধ বিমান মার্কিন বিমানটিকে পাল্টা ধাওয়া করে। যা নিয়েও ব্যাপক উত্তেজনা তৈরি হয়।

সূত্র: সিজিটিএন।